

নম্বর ২৬.০৩.০০০০.০০২.০৬.০০১.২২.৩২৯

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯

২৮ জুন ২০২২

নবায়ন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরে সকল ধরনের নিবন্ধন সনদ (আইআরসি/ইআরসি/ইভেটিং) নবায়নের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ০১ জুলাই হতে এ দপ্তরের সেবাসমূহ অনলাইনে প্রদান করা হচ্ছে। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ অর্জনে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অগ্রযাত্রায় এ দপ্তর হতে অনলাইন সেবার মাধ্যমে গৃহীত সনদপত্রসমূহ ঘরে বসে অনলাইনে খুব সহজেই নবায়ন করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। অনলাইনে নবায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ই-পেমেন্ট/ই-চালানের মাধ্যমে নবায়ন ফি প্রদানের জন্য সেবার্থীগণকে অনুরোধ করা যাচ্ছে। ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড, বিকাশ, রকেট, নগদ ও সোনালী ব্যাংকের একাউন্ট ব্যবহার করে নবায়ন ফিস ও মূসক (ভ্যাট) ফিস খুব সহজেই প্রদান করা যায়।

২। আইআরসি/ইআরসি/ইভেটিং সনদ নবায়নের আবেদন দাখিলের জন্য প্রাথমিক প্রস্তুতি হিসেবে সেবা গ্রহীতাকে নিম্নোক্ত ডকুমেন্টসমূহ দাখিল করতে হবে:

(ক) আয়কর পরিশোধের প্রমাণক;

(খ) BIN (Business Identification Number) সার্টিফিকেট; এবং

(গ) নবায়ন ফিস ও মূসক (ভ্যাট) প্রদানের ড্রেজারী চালান/ই-চালান।

৩। শিল্প আইআরসি নবায়নের আবেদন দাখিলের জন্য প্রাথমিক প্রস্তুতি হিসেবে সেবা গ্রহীতাকে আইআরসি/ইআরসি/ইভেটিং সনদ নবায়ন এর প্রয়োজনীয় উল্লিখিত ডকুমেন্টস এর সাথে বাড়তি ডকুমেন্ট হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী বছরে প্রদত্ত শর্তযুক্ত সকল ডকুমেন্টস (যেমন: হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র, ফায়ার লাইসেন্স, ড্রেড লাইসেন্স ইত্যাদি) দাখিল করতে হবে।

৪। উপরিউক্ত তথ্য এবং ডকুমেন্টসমূহ দাখিল করতে হবে বিধায় সংশ্লিষ্ট সকলকে আবশ্যিকভাবে তা সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। আরো উল্লেখ্য যে, ই-পেমেন্ট/ই-চালানের মাধ্যমে ফিস প্রদান করা হলে, আবেদন সাবমিট/দাখিলের দিনেই নবায়ন সম্পন্ন করা যাবে বিধায় ই-চালানের সুবিধা গ্রহণের জন্য সকল সেবা প্রার্থীগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯-৬-২০২২

মোঃ হাবিবুর রহমান সুমন

সহকারী নিয়ন্ত্রক

ফোন: ০২-৪১০৫০৫৩৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর (স্ব-স্ব দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) আমদানি/রপ্তানি/ইন্ডেন্টিং নিবন্ধন সনদ নবায়ন সংশ্লিষ্ট সকল সেবাগ্রাহক।
- ৩) জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী কর্মকর্তা, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৫) অফিস, কপি।